# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## ২০১৯-২০ সেশনের শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ-ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র

## অধ্যায় ঃ- ব্যবসায়ের সহায়ক সেবা

### মডেল প্রশ্ন-০১

দেশে মসলার আমদানী নির্ভরশীলতা কমানোর জন্য সরকার ১% সুদের সহজ শর্তে কৃষকদের জন্য ঋণ সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছে। এতে ক্ষুদ্র চাষীরা এগিয়ে এলেও বৃহৎ বৃহৎ উৎপাদনকারীদের তেমন কোন সারা মিলে নি। ফলে কৃষি মন্ত্রণালয়ের সুপারিশে সরকার মসলা উৎপাদনকারীদের পাঁচ বছরের জন্য কর অবকাশ ঘোষণা করে। এই ঘোষণার বৃহৎ উৎপাদনকারীদের মধ্যে ব্যাপক সারা ফেলে দেয়। ফলশ্রুতিতে দেশে মসলার চাহিদার ৯০ ভাগ উৎপাদন সম্ভব হয়। যা অর্থনীতিতে বহুবিধ ভূমিকা রেখেছে।

ক) ব্যবসায়ে সহায়ক সেবা কী? ১

খ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা শিল্প স্থাপনে অবকাঠামোগত সহায়তা প্রদান করে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে মসলার আমদানী নির্ভশীলতা কমানোর জন্য প্রথমে সরকার কোন ধরনের সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে সরকারের যে ধরনের সহায়তার ঘোষণার ফলে দেশে সমসলার চাহিদা ৯০ ভাগ উৎপাদন হয়েছে তা অর্থনীতির জন্য মঙ্গলজনক-বিশ্লেষণ কর। ৪

### ১নং প্রঃ উঃ (ক)

**ব্যবসায়ে সহায়ক সেবা ঃ-** ব্যবসায় স্থাপন, পরিচালনা ও নিয়ন্ত্রণে যে সব আর্থিক অনার্থিক সহযোগিতা ব্যবসায়ের জন্য অনুকূল পরিবেশ তৈরি করে ও ব্যবসায়িদের অনুপ্রাণিত করে। তাকে ব্যবসায়ের সহায়ক সেবা বলে।

### ১নং প্রঃ উঃ (খ)

ক্ষুদ্র ও কুটির শিল্প গঠন, উন্নয়ন ও সম্প্রসারণে বিভিন্ন অবকাঠামোগত, বৈষয়িক ও সমর্থনমূলক সরকারি সহায়তা দেওয়ার ক্ষেত্রে নিয়োজিত প্রতিষ্ঠান হলো বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা।

বাংলাদেশে ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা সংক্ষেপে বিসিক (BSCIC) দেশের বিভিন্ন জেলায় মোট ৭৪টি শিল্প নগরী স্থাপন করেছে। এই সব শিল্প নগরীতে শিল্প প্লট বরাদ্ধের মাধ্যমে শিল্প কারখানার জন্য অত্যাবশ্যকীয় বিদ্যুৎ, পানি, গ্যাস, বর্জ্য নিষ্কাশন, যোগাযোগ সড়ক ইত্যাদি অবকাঠামোগত সুবিধা প্রদান করে থাকে।

ফলশ্রুতিতে শিল্প কারখানা স্থাপনে বিসিকের অবকাঠামোগত সহায়তা বিশেষভাবে ভূমিকা রাখে।

### ১নং প্রঃ উঃ (গ)

উদ্দীপকের দেশের মস্‌লার আমদানী নির্ভরশীলতা কমানোর জন্য সরকার প্রথমে উদ্দীপনামূলক সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছে।

সম্ভাবনাময় উদ্যোক্তা বা ব্যবসায়ীকে ব্যবসায় স্থাপনে অনুপ্রেরণা দিতে পারে এমন ধরনের সাহায্য সহযোগীতা ও কাজে উৎসাহ দেওয়াকে উদ্দীপনামূলক সহায়তা বলে।

এই প্যারায়--- উদ্দীপকের বর্ণনা থেকে সহজ শর্তে ১% সুদে ঋণের ঘোষণার উপস্থাপন সাজিয়ে লিখবে এবং যে উদ্দীপনামূলক সহায়তার বর্ণনা তা লিখবে।

**১নং প্রঃ উঃ (ঘ)**

উদ্দীপকে সরকারের সমর্থনমূলক সহায়তার ঘোষণার ফলে দেশে মস্‌লার চাহিদার ৯০ ভাগ উৎপাদন সম্ভব হয়েছে।

উদ্যোক্তা বা ব্যবসায়ীদের ব্যবসায় স্থাপনেও পরিচালনায় সক্ষম করে তোলার জন্য প্রদেয় সাহায্য সহযোগীতার কাজকে সমর্থনমূলক সহায়তা বলে। এই সহায়তার ফলে ব্যবসায়ীগণ শিল্প স্থাপন, সুষ্ঠু পরিচালনা, নিয়ন্ত্রণ, সম্পদের সঠিক ব্যবহার এবং বিভিন্ন প্রকার সুযোগ-সুবিধা অর্জন করে থাকেন।

এই প্যারায়--- উদ্দীপকের বর্ণনা থেকে সরকারের পরবর্তী ঘোষণার অংশটি সুন্দরভাবে উপস্থাপন করে সমর্থনমূলক সহায়তাটি বুঝিয়ে লিখবে।

এই প্যারায়--- দেশের মোট মসলার চাহিদার ৯০ ভাগ উৎপাদনের ফলে দেশের আমদানী করতে হয় হয় না ফলে যে যে সুবিধা অর্থনীতিতে সৃষ্টি হয় তা সুন্দরভাবে বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায়--- উপসংহার হিসেবে সমাপ্তি বাক্য দিয়ে শেষ করবে।

**মডেল প্রশ্ন-০২**

জনাব রাফি প্রশিক্ষণ নিয়ে একটি মোমবাতি ও  আগর বাতির কারখানা স্থাপন করতে চায়। প্রয়োজনীয় মূলধনের জন্য তিনি একটি আমানত গ্রহণ  ও ঋণ দানকারী স্থানীয় আর্থিক প্রতিষ্ঠানে ঋনের জন্য আবেদন করেন। কিন্তু প্রতিষ্ঠানটির ঋণের জন্য আবেদন করেন। কিন্তু প্রতিষ্ঠানটির ঋণের সুদ বেশী হওয়ায় তিনি চিন্তিত। পরে তিনি জানতে পারেন। শিল্প উদ্যোক্তা সৃষ্টি ও শিল্পের আধুনিকায়নে কম সুদে ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানকে একটি ফাউন্ডেশনের আওতায় ঋণ দেওয়া হচ্ছে। তিনি সেখান, থেকে ঋণ নেন এবং তাদের বহুবিধ সহযোগিতায় সুষ্ঠুভাবে কারখানা শুরু করেন। এভাবে উক্ত ফাউন্ডেশনের নির্দেশনায় জনাব রাফি একজন সফল ব্যবসায়ী হতে চলেছে।

ক) আঞ্চলিক ব্যাংক কী? ১

খ) শিল্প ঋণ দেশের উন্নয়নকে ত্বরান্বিত করে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব রাফি প্রথমে কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠানে ঋণের জন্য আবেদন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে যে ফাউন্ডেশনটি জনাব রাফিকে সফল ব্যবসায়ী হতে সহযোগিতা করেছে তা উদ্যোক্তা সৃষ্টিতে দেশে ব্যাপক ভূমিকা রাখে-মূল্যায়ন কর। ৪

**২নং প্রঃ উঃ (ক)**

আঞ্চলিক ব্যাংক ঃ- যে ব্যাংক একটি নির্দিষ্ট অঞ্চলে সীমাবদ্ধ থেকে প্রতিষ্ঠিত হয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত করে, তাকে আঞ্চলিক ব্যাংক বলে।

**২নং প্রঃ উঃ (খ)**

দেশে শিল্প স্থাপন ও সম্প্রসারণে বিভিন্ন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান যে ঋণ থাকে, তাকে শিল্প ঋণ বলে।

একটি দেশে যতবেশী শিল্লায়ন হবে ততবেশী উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পাবে। উৎপাদন সৃষ্টি ও উৎপাদন বৃদ্ধি উভয়ই দেশের উন্নতির নিয়ামক সূচক। অর্থাৎ উন্নয়নের অপর নাম দ্রুত শিল্লায়ন।

আর এই শিল্লায়নে প্রয়োজন পর্যাপ্ত শিল্প স্থাপন। তাই বলা হয় শিল্প ঋণ দেশের উন্নয়নকে ত্বরন্বিত করে।

**২ন প্রঃ উঃ (গ)**

উদ্দীপকে জনাব রাফি প্রথমে বাণিজ্যিক ব্যাংক এর মত আর্থিক প্রতিষ্ঠানে ঋণের জন্য আবেদন করেন।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে আর্থিক প্রতিষ্ঠান কম সুদে আমানত গ্রহণ করে বেশি সুদে বা লাবে ঋণ প্রদান সহ গ্রাহকের বিভিন্ন ধরনের ব্যাংকি, সেবা দিয়ে থাকে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। এই ব্যাংক ব্যবসায়ীসহ সকল জনগোষ্ঠী বহুবিধ আর্থিক সেবা প্রদান করে।

এই প্যারায়--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উপস্থাপন করে তা বাণিজ্যিক ব্যাংক এর কথা লিখবে।

**২নং প্রঃ উঃ (ঘ)**

উদ্দীপকে এসএমই ফাউন্ডেশন জনাব রাফিকে সফল ব্যবসায়ী হতে সহযোগীতা করেছে।

ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় গঠন, সম্প্রসারণ, উন্নয়ন, তথ্য ও প্রযুক্তি সরবরাহ, ঋণ সহায়তা, প্রভৃতি দেওয়ার মাধ্যমে এগিয়ে নিয়ে বাংলাদেশ সরকারের যে স্বাধীন, সতন্ত্র ও অমুনাফাভোগী ফাউন্ডেশন গঠিত হয়েছে তা-ই এস.এম.ই ফাউন্ডেশন। ২০০৬ সালে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে প্রতিষ্ঠানটি নিবন্ধিত ও ২০০৭ সাল থেকে এর যাত্রা শুরু হয়।

এই প্যারায়---- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদ্ধৃত করবে এবং তার এসএমই ফাউন্ডেশনের কথা বলা হয়েছে বুঝিয়ে লিখবে।

এই প্যারায়---পরিশেষের বাক্য দিয়ে ইতি টানবে।

**মডেল প্রশ্ন-০৩**

জনাব দিপু বিশাল এলাকা জুড়ে পৈত্রিক বাড়িতে স্থানীয় মহিলাদের নিয়ে একটি ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে উদ্যোগী হয়। তিনি স্থানীয় বেসরকারী উন্নয়নমুখী সংস্থা বা এনজিও থেকে প্রয়োজনীয় কারিগরী সহায়তা ও ঋণ নিয়ে নক্‌শি কাঁথা তৈরির কারখানা স্থাপন করেন। অল্প কিছুদিনের মধ্যে তাঁর প্রতিষ্ঠানে তৈরি কাঁথা ব্যাপক সুনাম অর্জন করেছে। বর্তমানে উৎপাদনের তুলনায় তার কাঁথার চাহিদা অনেক বেশি। তাই উৎপাদন মাত্রা দ্বিগুণ ভবিষ্যতে তিনি বিদেশে রপ্তানি কার্যক্রম গ্রহণ করতে চায়। এ লক্ষ্যে তিনি কাজ করতে দিয়ে জানতে পারেন, কাঁথা রপ্তানি করতে হলে অন্যান্য দলিলের পাশাপাশি তাকে দেশের ব্যবসায়ীদের দ্বারা গঠিত একটি অমুনাফাভোগী

ঐচ্ছিক সংগঠন থেকে প্রভবলেখ দলিলটি সংগ্রহ করতে হবে। যার ফলে বিদেশি ক্রেতার পণ্য সম্পর্কে যাবতীয় ধারণ পেয়ে পণ্যটি ক্রয়ে আগ্রহ সৃষ্টি হবে।

ক) মাইক্রো ক্রেডিক সৃষ্টি হবে। ১

খ) গ্রামীণ ব্যাংক সমাজের বিত্তহীন মানুষকে স্বাবলম্বী করার কাজে নিয়োজিত থাকে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব দ্বিগুণে কাঁথা রপ্তানির জন্য কোন অমুনাফাভোগী সংগঠন থেকে প্রভবলেখা সংগ্রহ করতে হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে "জনাব দিপুর ব্যবসায়ীক সফলতার এনজিও এর ভূমিকা অগ্রতান্য" তুমি কি একমত? বিশ্লেষণ পূর্বক যুক্তি দেখাও। ৪

**<u>৩নং প্রঃ উঃ (ক)</u>**

মাইক্রোক্রেডিট ঃ- ক্ষুদ্র শিল্প বা ব্যবসায় প্রতিষ্ঠানকে কম পরিমাণে ও সহজ শর্তে যে ঋণ দেওয়া হয়; তাকে মাইক্রোক্রেডিট বা ক্ষুদ্র ঋণ বলে।

**<u>৩নং প্রঃ উঃ (খ)</u>**

গ্রামীণ ব্যাংক এমন একটি আর্থিক প্রতিষ্ঠান যা, অসহায় ও দুঃস্থ মানুষকে সহজ শর্তে ব্যবসায় ও ক্ষুদ্র শিল্পে ঋণ প্রদান করে। ক্ষুদ্র ব্যবসায় পরিচালনার জন্য গ্রামের দরিদ্র অসহায় ও নিঃস্ব মানুষকে ঋণ সহায়তা প্রদান এর মাধ্যমে মানুষকে কর্মক্ষম করে তোলা।

গ্রাম্যে অসহায় দুঃস্থ মানুষেরা অর্থের অভাবে দক্ষতা থাকা সত্ত্বেও প্রয়োজনীয় কাজ করতে পারে না। পুঁজির অভাবে কর্মহীন থেকে হতাশা গ্রন্থ জীবনযাপন করে। সমাজের এ সমাপ্ত পরিণত করার মাধ্যমে জামানত বিহীন সহজ শর্তে ঋণ দিয়ে গ্রামীণ ব্যাংক তাদের স্বাবলম্বী করে তোলে।

তাই বলা হয় গ্রামীণ ব্যাংক সমাজের বিত্তহীন মানুষকে স্বাবলম্বী করার কাজে নিয়োজিত।

**<u>৩নং প্রঃ উঃ (গ)</u>**

উদ্দীপকে জনাব দিপুকে কাঁতা রপ্তানির জন্য অমুনাফাভোগী সংগঠন শিল্প ও বণিক সমিতি থেকে প্রভবলেখ সংগ্রহ করতে হবে।

কোন নির্দিষ্ট এলাকার ব্যবসায়ী বা শিল্পপতিরা নিজেদের স্বার্থরক্ষা ও উন্নয়নের জন্য যৌথ প্রচেষ্টায় যে অমুনাফাভোগী সংগঠন প্রতিষ্ঠা করে থাকেন। তাকে শিল্প ও বণিক সমিতি বলে। যাকে ইংরেজীতে চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাষ্ট্রিজ বলে।

এই প্যারায় --- উদ্দীপকের বর্ণনা থেকে প্রভবলেখ অংশ সুন্দরভাবে উপস্থাপন করে শিল্প ও বণিক সমিতির বিষয় উল্লেখ্য করবে।

এই প্যারায়---- উপসংহার লিখবে।

**<u>৩নং প্রঃ উঃ (ঘ)</u>**

হ্যাঁ আমি একমত।

সমাজের দরিদ্র, অসহায় ও পিছিয়ে থাকা শ্রেণির মানুষকে বিভিন্ন বিষয়ে যেমন- আর্থিক বৈষয়িক, শিক্ষাগত, স্বাস্থ্যগত, আইনগত প্রভৃতি সহযোগিতা করার জন্য গঠিত ও প্রতিষ্ঠিত বেসরকারি

প্রতিষ্ঠানকে এনজিও বলে। এই প্রতিষ্ঠিতগুলো সমাজ উন্নয়নে সরকারের পাশাপামি বেসরকারিভাবে ও ভূমিকা রাখে।

এই প্যারায়--- উদ্দীপকে বর্ণনা থেকে প্রয়োজনীয় এনজিও এর উদ্ধৃতগুলো উপস্থাপন করবে।

এই প্যারায়--- এই এনজিও এর কারণে জনাব দিপুর প্রাপ্ত সহায়তাগুলো সুন্দরভাবে বিশ্লেষণ পূর্বক বর্ণনা দিবে।

এই প্যারায়---পরিশেষের বাক্য দিয়ে শেষ করবে।

## মডেল প্রশ্ন-০৪

জনাব বাসু ও চারজন বন্ধ ব্যবস্থাপনা বিষয়ে পাশ করে একটি ১০০% রপ্তানীমুখী "বন্ধু গার্মেন্টস" নামে একটি শিল্প কারখানা স্থাপন করেন। তাঁদের তত্ত্বীয় ও বাস্তব জ্ঞানের সমন্বয়ে পরিচালিত প্রতিষ্ঠানটি প্রথম বছরেই সাফল্যের মূখ দেখে "বন্ধু গার্মেন্টস" ইতিমধ্যে অন্যান্য পোশাক কারখানার মত নিরবিচ্ছিন্ন উৎপাদন ও রপ্তানি বজায় রাখার স্বার্থে উক্ত সংগঠন গার্মেন্টস ব্যবসায়ে বহুবিধ সহায়তা প্রদান করে। পোশাক প্রস্তুতে "বন্ধু গার্মেন্টেস" এর সুনাম কুব অল্প সময়ে জড়িয়ে পড়ে। এতে সরকারের তা নিজ মন্ত্রণালয়ের অধীনে আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর মাধ্যমে বন্ধ গার্মেন্টস বিদেশে আর্ন্তজাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণের সুযোগ পায়। এরপর থেকে আর্ন্তজাতিক ভাবে ও তাদের সুনাম ছড়িয়ে পড়ে ফলে তারা এখন দ্বিতীয় ইউনিট স্থাপনের কথা ভাবছে।

ক) বিসমটেক কী? ১

খ) মুক্ত বাণিজ্যে এলাকা বাংলাদেশের জন্য খুবই উপযোগী-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে "বন্ধু গার্মেন্টস" কোন সংগঠনের সদস্যভূক্ত হয়-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে সরকারের আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানটির সহায়তার "বন্ধু গার্মেন্টস" এর আর্ন্তজাতিক সুনাম সৃষ্টি হয়-বিষয়টি মূল্যায়ন কর। ৪

### ৪নং প্রঃ উঃ (ক)

বিমসটেকঃ- বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলঙ্কা, নেপাল, ভূটান ও থাইল্যান্ড এ সংস্থাটি দেশ নিজেদের মধ্যে সহাযোগীতা সম্পর্ক উন্নয়নের জন্য যে উপ আঞ্চলিক সংস্থা গঠন করেছে, তাই-ই বিসমটেক।

### ৪নং প্রঃ উঃ (খ)

যে এলাকায় এক বা একাধিক দেশ শুল্কমুক্তভাবে ব্যবসায় বাণিজ্য পরিচালনা করে তাকে মুক্ত বাণিজ্য এলাকা বলে।

বাংলাদেশ একটি জনবহুল দেশে এদেশে প্রতি বর্গকিলোমিটারে পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় অধিক লোকের বাস। সংজ্ঞা শ্রমের বিপরীতে উৎপাদন এদেশেই সম্ভব। মুক্তবাজার এলাকার মাধ্যমে একদিকে কর্মসংস্থান সৃষ্টি হয় অন্যদিকে উৎপাদন ও রপ্তানি আয় বৃদ্ধি পায়।

তাই সঠিকভাবে মুক্ত বাণিজ্য এলাকা বাংলাদেশের মত উন্নয়নশীল দেমের বৃহৎ উপযোগী।

### ৪নং প্রঃ উঃ (গ)

উদ্দীপকে “বন্ধু গার্মেন্টস” বাংলাদেশ তৈরী পোষাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সংস্থা সংক্ষেপে BGMEA এর সদস্যভুক্ত হয়।

বাংলাদেশের তৈরি পোশাক প্রস্তুতকরণ রপ্তানিকারকদের স্বার্থরক্ষা ও ব্যবসায়িক উন্নয়নের জন্য গঠিত বেসরকারি সংস্থা হলো বিজিএমই এ (BGMEA) ।

এই প্যারায়--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদ্ধৃত করে বিজেএমই এ সম্পর্কে লিখবে।

এই প্যারায়--- উপসংহার বাক্য লিখবে।

**৪নং প্রঃ উঃ (ঘ)**

উদ্দীপকে সাফাতের আধাস্বায়ত্তশাসিত প্রাতিষ্ঠানটি হলো রপ্তানি উন্নয়ন ব্যুরো বা ইংরেজিতে Export Promotion Brueau.

রপ্তানি আয় বাড়িয়ে দেশের অর্থনীতির ভিতরে শক্তিশালী করার জন্য বাংলাদেশে সরকারি মালিকানায় যে আধা-স্বায়ত্ত্শাসিত প্রতিষ্ঠান কাজ করছে তা-ই হলো রপ্তানি উন্নয়ন ব্যুরো।

এই প্যারায়-- উদ্দীপকের বর্ণনা থেকে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সম্পর্কিত অংশটি সুন্দরভাবে উপস্থাপন করবে।

এই প্যারায়---এই প্রতিষ্ঠানের সহায়তা আর্ন্তজাতিক সুনাম বৃদ্ধি বিষয়টি ভালো করে বিচার বিবেচনামূলকভাবে লিখবে।

এই প্যারায়--- পরিশেষে বাক্য লিখবে।

**মডেল প্রশ্ন-০৪**

শিক্ষক ক্লাসে আর্ন্তজাতিক সহায়তাকারী প্রতিষ্ঠান সম্পর্কে বলতে গিয়ে উপস্থাপন করেন। বাংলাদেশে সহ আটটি দেশ মিলে দক্ষিণ এশিয়ায় একটি উপ-আঞ্চলিক ছোট সার্ক গঠিত হয়। ১৯৯৩ সালে সার্ক সম্মেলনে উক্ত দেশগুলোর বাণিজ্য সহায়তা বাড়ানোর জন্য একটি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির আলোকে সদস্য দেশগুলোর মধ্যকার পণ্য শুল্ক কমানো হয়। কিন্তু বাংলাদেশে রপ্তানির চেয়ে আমদানি পরিমাণ বেশি। তাই বাংলাদেশ বিশ্ব বাণিজ্য সংস্থার সদস্য হয়ে তাদের কারিগরি সহায়তা ও বিশ্ববাণিজ্যে অবাধ অংশগ্রহণের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। ফলশ্রুতিতে উন্নত দেশগুলো বাংলাদেশে শিল্প স্থাপনে উৎসাহিত হয়ে কর্মস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্র প্রস্তুত হবে। এতে বাংলাদেশের অর্থনীতিতে সুফল আসার ক্ষেত্র সৃষ্টি হবে।

ক) আসিয়ান কী? ১

খ) ইউরোপ মহাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের উদ্দেশ্যে ইউরোপীয় ইউনিয়ন গঠিত হয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে শিক্ষক কোন চুক্তির কথা বলেছেন-ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর বিশ্ববাণিজ্য সংস্থার সহায়তায় বাংলাদেশের অর্থনীতিতে ইতিবাচক ফল আসবে? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

**৫নং প্রঃ উঃ (ক)**

আসিয়ান ঃ--আঞ্চলিক, রাজনৈতিক ও অর্থনৈতিক বিষয়ে পারস্পরিক সহযোগিতা ও অবাধ বাণ্যিজ্য ব্যবস্থা গড়ে তোলার জন্য দক্ষিণ পূর্ব এশিয়ার বিভিন্ন রাষ্ট্র মিলে যে শক্তিশালী সংস্থা গড়ে তুলেছে তা-ই আসিয়ান (ASEAN)।

**৫নং প্রঃ উঃ (খ)**

ইউরোপিয় দেশগুলোর মধ্যকার অঞ্চলকে মজবুত করে নিজেদের একটি স্বতন্ত্র অর্থনৈতিক ও রাজনৈতিক পরাশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে যে সংস্থা গঠিত হয়েছে তাই ইউরোপিয় ইউনিয়ন।

এটি একটি স্বতন্ত্র অথনৈতিক ও রাজনৈতিক সংস্থা ইউরোপ সহ বিশ্বের অর্থনীতি ও রাজনীতিকে নিয়ন্ত্রণ সদস্যদেশ গুলোর মধ্যে একক মুদ্রা প্রচলন, মুক্ত বাজার সৃষ্টি, নিরাপত্তা ও ন্যায় বিচার প্রতিষ্ঠা ও আঞ্চলিক উন্নয়নের লক্ষ্যে সংস্থাটি গঠিত হয়। কৃষি, মৎস্য, খাদ্য, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বাড়ানোই এর লক্ষ্য।

তাই বলা যায়, ইউরোপের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে ইউরোপিয় ইউনিয়ন গঠিত হয়।

**৫নং প্রঃ উঃ (গ)**

উদ্দীপকে শিক্ষক সাপটার (চুক্তি) বলেছেন। সার্কভুক্ত দেশগুলো নিজেদের মধ্যে বাণিজ্যিক সহযোগিতা বাড়ানোর ও সম্প্রাসারণের লক্ষ্যে যে চুক্তিতে আবদ্ধ হয়েছে, তাকে দক্ষিণ এশিয়া অগ্রাধিকার ভিত্তিক বাণিজ্য চুক্তি বা সাপটা বলা হয়।

এই প্যারায়----উদ্দীপকের বর্ণনা থেকে সাপটা বিষয়ক উদৃতি সুন্দর করে লিখবে।

এই প্যারায়----উপসংহার বাক্য দিয়ে উত্তর শেষ করবে।

**৫নং প্রঃ উঃ (ঘ)**

হ্যাঁ, আমি মনে করি বিশ্ববাণিজ্য সংস্থার সহায়তায় বাংলাদেশের অর্থনীতিতে ইতিবাচক ফল আসবে।

বিশ্বের সব দেশ ও সংস্থার মধ্যে বাণিজ্য সংক্রান্ত নিয়ম-কানুন প্রতিষ্ঠা ও বাস্তবায়নের সাথে জড়িত একমাত্র আর্ন্তজাতিক প্রতিষ্ঠান হলো বিশ্ব বাণিজ্য সংস্থা বা World Trade Origination(WTO) । ১৯৯৫ সালের ১লা জানুয়ারি এই সংস্থা প্রতির্ষ্ঠিত হয় এবং কার্যক্রম প্রতির্ষ্ঠিত হয়।

এই প্যারায়-- উদ্দীপকের বর্ণনা থেকে বিশ্ববাণিজ্য সংস্থা বিষয়ক উদৃতী সুন্দর করে লিখবে।

এই প্যারায়---বিশ্ববাণিজ্য সংস্থার সহায়তা গুলো বিশ্লেষণ করে লিখবে। (বাংলাদেশের প্রেক্ষাপটে)

এই প্যারায়----পরিশেষে বাক্য দিয়ে পরিসমাপ্ত করিবে।